গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১১০.০০.০৪০.২০-৬৪৭

তারিখ: ১০ চৈত্র ১৪২৬
২৪ মার্চ ২০২০

বিষয়: **করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে সরকারি ছুটির দিনে কর্মস্থল ত্যাগ না করা।**

মন্ত্রিপরিষদ বিভাগের ২২.০৩.২০২০ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯-১৪২ সংখ্যক স্মারকের আলোকে করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যেকোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে সরকার কর্তৃক ঘোষিত ২৬.০৩.২০২০ হতে ০৪.০৪.২০২০ তারিখ পর্যন্ত ছুটির সময়ে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদেরকে নিজ নিজ কর্মস্থল ত্যাগ না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪-০৩-২০২০
(মো: এনামুল হক)
উপসচিব(প্রশাসন-১)
ফোন: ৯৫৪০২১৮
adminint@mopa.gov.bd

বিতরণ-সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব, ........................................................................ মন্ত্রণালয়/বিভাগ।
৩. রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা/বিসিএস (প্রশাসন) একাডেমি, শাহবাগ, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/সিপিটি/বিধি/সওব্য/শৃঙ্খলা ও তদন্ত/সংস্কার ও গবেষণা/আইন), জনপ্রশাসন মন্ত্রণালয় (তাঁর অধীন শাখা/অধিশাখার কর্মকর্তা/কর্মচারীদেরকে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ)।
৭. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৮. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৯. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩, নিউ ইস্কাটন, ঢাকা।
১০. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় বহুল প্রচারের অনুরোধসহ)।
১১. পরিচালক, সরকারি কর্মচারি হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা।
১২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৩. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব-সাইট এবং ভাইবার গ্রুপে প্রকাশের অনুরোধসহ)।
১৫. অফিস কপি/মাস্টার ফাইল।

F:\Office folder\CIRCULAR\For Dengue.docx

মন্ত্রিপরিষদ সচিবের দপ্তর
ডাইরী নং ২৪০৯
তারিখঃ ৯/৪/২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
(গোপনীয় শাখা)

স্মারক নং ০৫.৪১.৫৪০০.১০১.৩৩.০০১.২০-৮৫ তারিখ ঃ ০৭-০৪-২০২০ খ্রিঃ

বিষয় ঃ সরকারি নির্দেশনা অমান্য করে কর্মস্থলে অনুপস্থিত থাকা।

সূত্র ঃ (১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.০০০০.১১০.০০.০৪০.২০-৩৪৭ তারিখ ঃ ২৪-০৩-২০২০ খ্রিঃ।
(২) শিবচর উপজেলা নির্বাহী অফিসার এর স্মারক নং ০৫.৪১.৫৪৮৭.০০০.০৬.০০১.২০-২৫০ তারিখ ঃ ২৭-০৩-২০ খ্রিঃ।

উপযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ ও বিস্তার রোধকল্পে সরকার ঘোষিত সাধারণ ছুটির সময় করোনা ভাইরাস কোভিড-১৯) প্রতিরোধ ও প্রাদুর্ভাবজনিত যেকোন জরুরী পরিস্থিতি মোকাবেলাসহ অন্যান্য সরকারি কর্মসূচী বাস্তবায়নে সহায়তা প্রদানের লক্ষ্যে সূত্রোক্ত স্মারকের মাধ্যমে সকল মন্ত্রণালয়, বিভাগ এবং এর আওতাধীন দপ্তর সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণকে নিজ নিজ কর্মস্থল ত্যাগ না করার নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে শিবচর উপজেলার সকল কর্মকর্তা-কর্মচারীকে কর্মস্থলে অবস্থান করে সরকারি নির্দেশনাসমূহ বাস্তবায়নে সহায়তা প্রদানের জন্য শিবচর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু উক্ত নির্দেশনা অমান্য করে শিবচর উপজেলায় কর্মরত নিম্নোক্ত কর্মকর্তা-কর্মচারীবৃন্দ কর্মস্থল ত্যাগপূর্বক কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন মর্মে সূত্রোক্ত ২ নং স্মারকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, শিবচর জানিয়েছেন।

উল্লেখ্য, করোনা ভাইরাসে শিবচর উপজেলা ঝুকিপূর্ণ হওয়ায় বর্ণিত কর্মকর্তা-কর্মচারীগণকে উপজেলা কন্ট্রোলরুমে ও ইউনিয়ন ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে। তাঁদের অনুপস্থিতির কারণে করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ ও প্রতিরোধ কার্যক্রমসহ শিবচর উপজেলার অন্যান্য সরকারি কর্মসূচীসমূহ বাস্তবায়ন বিঘ্নিত হচ্ছে।

অনুপস্থিত কর্মর্তা-কর্মচারীগণের তালিকা

| ক্রঃনং | কর্মচারীর নাম | পদবী |
|---|---|---|
| ১। | জনাব মোঃ ইকবাল হোসেন | উপজেলা প্রকৌশলী, শিবচর, মাদারীপুর। |
| ২। | জনাব শ্যামল কৃষ্ণ মালাকার | উপজেলা যুব উন্নয়ন অফিসার, শিবচর, মাদারীপুর। |
| ৩। | জনাব মোঃ জহিরুল ইসলাম | উপজেলা সমবায় অফিসার, শিবচর, মাদারীপুর। |
| ৪। | জনাব মোঃ হারুন অর রশিদ | উপজেলা নির্বাচন অফিসার, শিবচর, মাদারীপুর। |
| ৫। | জনাব মোঃ আঃ মতিন | সাব-রেজিস্ট্রার, শিবচর, মাদারীপুর। |
| ৬। | জনাব সত্য রঞ্জণ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, শিবচর, মাদারীপুর। |
| ৭। | জনাব রফিকুল ইসলাম | উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার, শিবচর, মাদারীপুর। |
| ৮। | জনাব এ.কে.এম. আসাদ | উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, শিবচর, মাদারীপুর। |
| ৯। | জনাব মোঃ মোশারফ হোসেন | সার্ভেয়ার, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, শিবচর, মাদারীপুর। |
| ১০। | জনাব এমারত হোসেন | হিসাব রক্ষক, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, শিবচর, মাদারীপুর। |
| ১১। | জনাব অসিম বালা | সহকারী হিসাব রক্ষক, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, শিবচর, মাদারীপুর। |

এমতাবস্থায়, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর বিস্তার ও সংক্রমণ রোধকল্পে সরকারি কর্মসূচীসমূহ বাস্তবায়ন বিঘ্নিত হওয়ায় সরকারি নির্দেশনা অমান্য করে কর্মস্থলে অনুপস্থিত কর্মকর্তা-কর্মচারীগণের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অনুপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগসমূহকে সদয় নির্দেশনা প্রদানের জন্য বিনীত অনুরোধ করা হলো।

০৭/০৪/২০২০

(মোঃ ওয়াহিদুল ইসলাম)
জেলা প্রশাসক, মাদারীপুর
ফোন-০৬৬১-৬২৭৭৭
মোবা ঃ ০১৭২৬৬০৪২২২
dcmadaripur@mopa.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, স্বাস্থ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।